

# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 19 May, 2025

ঝিনাইদহে শ্রমিকদল নেতা সেকেন্দার আলী লাল মিয়া (৩৫) হত্যার মামলার আসামি রফিকুল ইসলাম সোমকে (৫৫) আটক করেছে। ঝিনাইদহ র্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ান (র্যাব-৬) গতকাল (রবিবার) রাত ৯ টার পর ঝিনাইদহ শহর থেকে তাকে আটক করে র্যাব। আটকের পর তাকে কালীগঞ্জ থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

সেকেন্দার আলী লাল মিয়া হরিনাকুন্ড উপজেলার রঘুনাথপুর ইউনিয়নের শ্রমিক দলের সাবেক সাধারণ সম্পাদক ও নারায়নপুর গ্রামের মৃত আবু বক্কর বিশ্বাসের ছেলে। আটক সোম সদর উপজেলার আরাপপুর গ্রামের রুহুল কুদ্দুসের ছেলে।

জানাগেছে, ২০১৬ সালের ২৭ জুলাই দুপুরে শ্রমিকদল নেতা সেকেন্দার আলী লাল মিয়া গরু ক্রয়ের জন্য বাড়ি থেকে বের হয়ে কুষ্টিয়ার উদ্দেশ্যে রওনা হন। পরে তিনি আর বাড়িতে ফিরে আসেননি। এরপর ২০১৮ সালের ২ আগস্ট কালীগঞ্জ উপজেলার কড়াইতলা নামক স্থান থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। ঘটনা কেন্দ্র করে নিহত শ্রমিক দল নেতার বোন মোছা: মনিরা খাতুন বাদি হয়ে কালীগঞ্জ থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

এ ব্যাপারে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) শহিদুল ইসলাম হাওলাদার বলেন, গতকাল রাতে র্যাব তাকে আটক করে কালীগঞ্জ থানা পুলিশের কাছে হস্তান্তর করেছে। আসামিকে আজ আদালতে প্রেরণের প্রস্তুতি চলছে।

ঝিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:24

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/2671775807>